

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
কারিগরী শাখা (অপারেশন)
এফ-৫, আগারগাঁও, প্রশাসনিক এলাকা শেরেবাংলা
নগর, ঢাকা-১২০৭।
website: bfa.gov.bd, e-mail-dg@bfa.gov.bd

সভাপতি ফারহানা রহমান
পরিচালক
সভার তারিখ ০৯ মার্চ ২০২৪
সভার সময় ১০.০০ টা
স্থান সভাকক্ষ, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
উপস্থিতি পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ৩য় সভার কাজ শুরু করেন। ২০২৪-২৫ অর্থবছরে প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ৩য় প্রান্তিকের নব গঠিত সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটিকে তিনি স্বাগত জানান। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ মোতাবেক ও প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সিটিজেনস্ চার্টার বিষয়ক ত্রৈমাসিক রিপোর্ট মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হয়। সে মোতাবেক বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকের মান অনুযায়ী কমপক্ষে ১০টি পণ্য/সেবা সিটিজেনস্ চার্টার অনুযায়ী সেবা প্রদান করা হয়েছে কিনা তা পরিবীক্ষণ করে এ সংক্রান্ত প্রতিবেদন ত্রৈমাসিকভিত্তিতে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সে লক্ষ্যে কমপক্ষে ১০টি পণ্য/সেবা সিটিজেনস্ চার্টার অনুযায়ী প্রদান করা হয়েছে কিনা তা পরিবীক্ষণ করে এ সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হতে ১০টি পণ্য/সেবা দৈবচয়নের ভিত্তিতে নির্বাচন করে উপস্থিত সকলকে অবগত করা হয়। সেবাসমূহ নিম্নরূপ:


ক্রম নং	সেবার নাম	প্রাপ্ত ফলাফল
১.	ননকপিরাইট আইটেম সরবরাহ	ডিজিটাল ফরমেটে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র এবং সংবাদচিত্র ইত্যাদি সিডি, ডিভিডি, হার্ডড্রাইভে বা পেনড্রাইভে অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত মূল্যে প্রদান করা হয়। গত তিনমাসে ০৯ টি ননকপিরাইট আইটেম সরবরাহ করা হয়েছে, যার আর্থিক মূল্যমান ৯,০০০/- (নয় হাজার টাকা)।
২.	চলচ্চিত্র জার্নাল ও অন্যান্য প্রকাশনা বিক্রয়	চলচ্চিত্র বিষয়ক জার্নাল ও গ্রন্থ প্রকাশ করা হয়ে থাকে। এসকল প্রকাশিত গ্রন্থ ও জার্নাল অনলাইনের মাধ্যমে (http://book.bfa.gov.bd) ও দপ্তরের লাইব্রেরি শাখা থেকে ক্রয় করা যেতে পারে। সে অনুযায়ী নিয়মিত সেবা প্রত্যাশীদের সেবা প্রদান করা হচ্ছে। গত তিনমাসে অফলাইনে অমর ২১শে বইমেলা সহ ১৮৪টি যার আর্থিক মূল্য ৩৯,৩৫৫ টাকা।
৩.	পোস্টার ও স্ট্রিচিট্রের ব্যবহার	সংরক্ষিত পুরনো ছায়াছবির বিভিন্ন পোস্টার, ফটোসেট ও স্ট্রিচিট্র ইত্যাদি স্ক্যান কপি প্রদান করা হয়। আবেদনের প্রেক্ষিতে গত তিনমাসে ০১ টি স্ট্রিচিট্র নির্ধারিত মূল্য প্রদানের সাপেক্ষে প্রদান করা হয়েছে।
৪.	বিশেষভাবে চলচ্চিত্র প্রদর্শন	চলচ্চিত্র বিষয়ক শিক্ষার্থীগণ ও গবেষকগণ বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সংগৃহীত চলচ্চিত্র পূর্ণদৈর্ঘ্য, স্বল্পদৈর্ঘ্য, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র, সংবাদচিত্র দেখার সুযোগ পাবেন। আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের জন্য অগ্রায়ণ করা হয়ে থাকে। আবেদনের প্রেক্ষিতে গত তিনমাসে ১১টি বিশেষ চলচ্চিত্র প্রদর্শনী হয়েছে।

৫.	ফিল্ম মিউজিয়াম প্রদর্শন	বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ফিল্ম সংক্রান্ত বিভিন্ন যন্ত্রাংশ ও দ্রব্যাদি দিয়ে সজ্জিত ফিল্ম মিউজিয়াম জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে। সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ০৯.০০ টা-বিকাল ০৪.০০ টা পর্যন্ত সর্বসাধারণের জন্য খোলা থাকে। গত তিনমাসে শতাধিক দর্শনাধী ফিল্ম মিউজিয়াম প্রদর্শন করে।
৬.	মাল্টিপারপাস অডিটোরিয়াম হল, প্রজেকশন হল এবং সেমিনার হল ভাড়া	অডিটোরিয়াম, প্রজেকশন হল এবং সেমিনার হল ভাড়া নীতিমালা ২০২০ এর আলোকে ৫০০ আসনবিশিষ্ট মাল্টিপারপাস অডিটোরিয়াম হল, ৩০০ আসনবিশিষ্ট প্রজেকশন হল এবং ১২০ আসনবিশিষ্ট সেমিনার হল ভাড়া প্রদান করা হয়। আবেদনের প্রেক্ষিতে গত তিনমাসে নতুন ০৭ টি প্রতিষ্ঠানে হল ভাড়া প্রদান করা হয়েছে।
৭.	অর্জিত ছুটির আবেদন অগ্রায়ন (বহিঃবাংলাদেশ ৩মাস পর্যন্ত)	আবেদন পাওয়ার পর উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনের জন্য অগ্রায়ণ করে থাকে। অগ্রায়ণ মঞ্জুরের পর সংশ্লিষ্টদের অবহিতকরণ বা জিও জারি করা হয়। আবেদনের প্রেক্ষিতে গত তিনমাসে নতুন ০২ টি আবেদন অগ্রায়ন করা হয়েছে।
৮.	চলচ্চিত্র/তথ্যচিত্র/প্রামাণ্যচিত্র এবং চলচ্চিত্র সংক্রান্ত সাময়িকী, প্রকাশনা ও মিউজিয়াম সংশ্লিষ্ট সামগ্রী জমাদান	আবেদন দাখিল করে আবেদনকারী বাংলাদেশ ফিল্ম আর্কাইভে তার সংশ্লিষ্ট ডকুমেন্টটি প্রদান পূর্বক অনলাইনে/অফলাইনে প্রাপ্তি স্বীকারপত্র পাবেন। এ সংক্রান্ত চলচ্চিত্র/তথ্যচিত্র/প্রামাণ্যচিত্র এবং চলচ্চিত্র সংক্রান্ত সাময়িকী, প্রকাশনা ও মিউজিয়াম সংশ্লিষ্ট সামগ্রী ৭৭টি ও ২৮টি পোস্টার সংগ্রহ করা হয়েছে।
৯.	ডি-নথি ম্যানেজম্যান্ট	দাপ্তরিক পত্র যোগাযোগ, পত্র জারি এবং পত্র প্রেরণের জন্য ই-ফাইল ম্যানেজম্যান্ট ব্যবহার করা হয়। বর্তমানে সকল শাখার ৯৮% কার্যাদি ডি-নথি ম্যানেজম্যান্ট এর মাধ্যমে সম্পন্ন হচ্ছে।
১০.	লাইব্রেরি সদস্যপদ	প্রতিজন/ব্যক্তি সরকার নির্ধারিত হারে ফি (২০০/- টাকা) প্রদান করে লাইব্রেরির সদস্য হতে হবে। লাইব্রেরি থেকে কোন ধরনের গ্রন্থ সামগ্রী/বই ধার প্রদান করা হয় না। গত তিনমাসে নতুন ০৫ জন লাইব্রেরি সদস্যপদ গ্রহণ করেছেন।

সর্বসম্মতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

০১. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হতে ১০টি পণ্য/সেবা দৈবচয়নের ভিত্তিতে নির্বাচন করে সর্বসম্মতভাবে গৃহীত হলো।
০২. দপ্তরের পরিবীক্ষণ কমিটি কর্তৃক কমপক্ষে ১০টি পণ্য/সেবা দৈবচয়নের ভিত্তিতে নির্বাচন করে মূল্যায়নপূর্বক অর্থাৎ ১০টি সেবাসমূহের উপর কি কি কার্যক্রম গৃহীত হয়েছে তার বস্তুনিষ্ঠ ১ম ও ২য় প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এর ধারাবাহিকতায় ৪র্থ সভার প্রতিবেদন প্রেরণ করতে হবে।
০৩. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সভা/কর্মশালা/প্রশিক্ষণের আয়োজন করবে। ইতঃমধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০৪টি প্রশিক্ষণ ও দুইটি স্টেকহোল্ডারদের সমন্বয়ে সভা আয়োজন সম্পন্ন হয়েছে।
০৪. পরিবীক্ষণ কমিটি গঠন/সংশোধন/পরিবর্তন সংক্রান্ত হালনাগাদ প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
০৫. দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে মাইগড সেবায় অর্ন্তভুক্ত ১১টি সেবার লিংক সংযুক্ত করার প্রকাশের বিষয়ে সিদ্ধান্ত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




২৪-০৩-২০২৫
ফারহানা রহমান
পরিচালক
০২-৪১০২৪৬৩৬
dg@bfa.gov.bd

নম্বর: ১৫.৫৮.০০০০.০০০.১০৮.০৪.০৪৪১.০৭.১৮

তারিখ: ১০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, পরিচালক-, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ।
- ২। পরিচালক-২(সংযুক্ত), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ।
- ৩। উপ-পরিচালক (চলতি দায়িত্ব), উপ-পরিচালক (গবেষণা ও লাইব্রেরি), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ।
- ৪। উপসহকারী প্রকৌশলী-২, কারিগরী শাখা (অপারেশন), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা (চলতি দায়িত্ব), প্রশাসন শাখা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংশ্লিষ্ট নথি।।



২৪-০৩-২০২৫
স্মিতা বড়ুয়া
উপসহকারী প্রকৌশলী-২